

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫৩১

১১/ জানাযা (کتاب صلاة الجنائز) পরিচ্ছেদঃ ১১/৬. মৃত ব্যক্তির জন্য কান্নাকাটি করা।

البكاء على الميت

আরবী

حديث أُسَامَة بْنِ زَيْد، قَالَ: أَرْسَلَت ابْنَةُ النّبِيّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْهِ، إِنَّ ابْنَا لِي قُبِضَ فَأْتِنَا، فَأَرْسَلَ يُقْرِئُ السَّلاَمَ وَيَقُولُ: إِنَّ لَهِ مَا أَخَذَ وَلَهُ مَا أَعْطَى، وَكُلُّ عِنْدَهُ بِأَجَلٍ مُسَمَّى، فَلْتَصبْبِرْ وَلْتَحْتَسِبْ فَأَرْسَلَتْ إِلَيْهِ، تُقْسِمُ عَلَيْهِ لَيَأْتِيَنَّهَا؛ فَقَامَ وَمَعَهُ سَعْدُ بْنُ عُبَادَة، وَمُعَاذُ بْنُ جَبَلٍ، وَأُبِيُّ بْنُ كَعْبٍ، وَزَيْدُ بْنُ ثَابِتٍ، وَرِجَالٌ؛ فَرُفِعَ إِلَى رَسُولِ اللهِ عَبَادَة، وَمُعَاذُ بْنُ جَبَلٍ، وَأُبِيُّ بْنُ كَعْبٍ، وَزَيْدُ بْنُ ثَابِتٍ، وَرِجَالٌ؛ فَرُفِعَ إِلَى رَسُولِ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّبِيُّ وَنَفْسُهُ تَتَقَعْقَعُ كَأَنّهَا شَنَّ، فَفَاضَتْ عَيْنَاهُ فَقَالَ سَعْدٌ: يَا صَلَّى اللّهُ مِنْ اللهِ مَا هذَا فَقَالَ: هذهِ رَحْمَةٌ جَعَلَهَا اللهُ فِي قُلُوبِ عِبَادِهِ، وَإِنَّمَا يَرْحَمُ اللهُ مِنْ عَبَادِهِ الرّحَمَاءُ

বাংলা

৫৩১. উসামাহ ইবনু যায়দ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জনৈকা কন্যা (যায়নাব) তাঁর নিকট লোক পাঠালেন যে, আমার এক পুত্র মরণাপন্ন অবস্থায় রয়েছে, তাই আপনি আমাদের নিকট আসুন। তিনি বলে পাঠালেন, (তাঁকে) সালাম দিবে এবং বলবেঃ আল্লাহরই অধিকারে যা কিছু তিনি নিয়ে যান আর তাঁরই অধিকারে যা কিছু তিনি দান করেন। তাঁর নিকট সকল কিছুরই একটি নির্দিষ্ট সময় আছে। কাজেই সে যেন ধৈর্য ধারণ করে এবং সাওয়াবের অপেক্ষায় থাকে। তখন তিনি তাঁর কাছে কসম দিয়ে পাঠালেন, তিনি যেন অবশ্যই আগমন করেন। তখন তিনি দন্তায়মান হলেন এবং তাঁর সাথে ছিলেন সা'দ ইবনু উবাদাহ, মু'আয ইবনু জাবাল, উবাই ইবনু কা'ব, যাইদ ইবনু সাবিত (রাযি.) এবং আরও কয়েকজন। তখন শিশুটিকে রস্লুল্লাহ্ সাল্লাল্লাহু অালাইহি ওয়াসাল্লাম এর কাছে তুলে দেয়া হল। তখন সে ছটফট করছিল। বর্ণনাকারী বলেন, আমার ধারণা যে, তিনি এ কথা বলেছিলেন, যেন তার শ্বাস মশকের মত (শব্দ হচ্ছিল)। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দু' চক্ষু বেয়ে অশ্রু ঝরছিল। সা'দ (রাযি.) বললেন, হে আল্লাহর রস্লা! একী? তিনি বললেনঃ এ হচ্ছে রহমত, যা আল্লাহ্ তাঁর বান্দার অন্তরে গচ্ছিত রেখেছেন। আর আল্লাহ্ তো তাঁর দয়ালু বান্দাদের প্রতিই দয়া করেন।



ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩২: লাইলাতুল কদর-এর ফ্যীলাত, অধ্যায় ৩৩, হাঃ ১২৮৪; মুসলিম, পর্ব ১১: জানাযা, অধ্যায় ৬, হাঃ ৯২৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন